

## ছিটে ফোঁটা - ১৩

এই শহরে এক্কেবারে নিজের বলে কিছু থাকলে সেটা 'পথ'। ইচ্ছেমত হাটা যায়। যা খুশী তা ভাবা যায়। পথের মানুষজনও কেন জানি বড় আপনা লাগে। শব্দ হৈ চৈ খুব বেশী একটা সহ্য করতে পারিনা। মাথায় খিল ধরে যায়। নয়ত সারাদিন রাস্তার ধারে বসে থেকে দেখতাম মানুষজন কি করে। কি তাদের কাজ কারবার।

সবচেে আরাম হয় রিকশায় চড়ে। আরামের আরাম। যত রকমের আগল পাগল চিন্তা আসে ওই তখনই। রিকশাওয়ালাদের সাথে গল্প জমতেও দেখি বেশীক্ষণ লাগেনা। দুপক্ষেরই খাটাখাটনীর জীবন। একইরকম সুখ দুঃখ। জ্বালা যন্ত্রণা। সালিশ- নালিশ। সবতো মোটামুটি একই। আলাদা আর কোথায়? আর তারা দেখতেও এত সাধারণ যে ঠিকমত কারো চেহারাও মনে থাকেনা। জায়গায় এসে ভাড়া দিয়ে নেমে যাই। নামার সময় কেউ কেউ এত বিনয়ে বাকী টাকাটা ফেরত দেয় যে সেই টাকা আমার কেন জানি আর নিতে ইচ্ছে করেনা।

মাঝে মাঝে ঘণ্টা হিসেবে উঠি। এক ঘণ্টায় যা নেবার নেবে। কোথাও নেমে চা সিঙ্গারা খেলে, সেও খায়। আমি যা খাই, তারচে বেশী দেখি। চা যে আসলেই খাওয়ার মত একটা জিনিষ সেটা ওদের খাওয়া দেখলেই বুঝি। আর তাদের সাহসও যে কিরকম! সেই সাহস দেখে মাঝে মাঝে এমন তাজ্জব হই যে নিজের জান বাঁচানোর কথাই মনে থাকেনা। কি বাস, কি ট্রাক, সমীহ-তো করেইনা, উল্টো পাল্লা দেয়। তার এই পাল্লা দেয়া দেখে আমার দম আটকে আসে। টোক গিলি। পারলে নেমে দৌড় দিতাম। পারিনা। বসে থাকি, কি সাঁই শুঁই টান দেয়! বাবারে! ইংরেজিতে বোধহয় একেই 'ডেসপারেট' বলে। সিগন্যাল পড়লে দু'এক সময় শনির মত ট্রাফিক পুলিশ এসে দাড়ায়। এক্কেবারে সামনে। এক চাক্ষু আগে বাড়লে মারে সপাং করে একটা। আগে ছিল কিনা মনে নেই, এখন ট্রাফিকের হাতে লাঠি থাকে।

মাঝে মাঝে দুই রিকশার চাক্ষুয় চাক্ষুয় গিট লেগে যায়। মানে কপাল খারাপ হলে যা হয়। প্রথমে দোষাদোষী। গালাগালি। এরপর বেদম মারামারি। সে আরেক তাণ্ডব। জট খোলে তবু মুখ বন্ধ হয়না। এর বাচ্চা, তার বাচ্চা বলে গুষ্টি উদ্ধার। কান দিয়ে শোনার মত কথা না, তবু শুনি। ওরকম গালাগালি শুনে কানে যে আঙ্গুল দেব, তাও পারিনা। অত ভদ্রলোকী দেখলে আবার কি ভাবে কেজানে।

উৎক্ষিপ্ত ধুলোবালি। মাথার উপর ঢালা রোদ। বিচিত্র গালিগালাজ। এমন অসহায় লাগে যে কিছু বলতেও পারিনা। কেবল দিনের আলোয় পরিষ্কার দেখি সভ্যযুগের কালিবুলি। ছাই মাখা অন্ধকার। খাটনীর জীবন। অতএব ঘাই গুঁতো হবে। থাবা খামচি হবে। বুঝি। মেজাজ মধু না হয়ে তিতে হবে। তাও বুঝি। এমন জীবনে মাস্টারি কায়দায় কে করে বোঝায়? বোঝেইবা কে? দুঃখ কষ্টের ধারাই এই। সব পষ্টাপষ্টি। সামনাসামনি। ইয়ার মোহাব্বত, মারধোর। যা করে সব উদোম। রাখ-ঢাক সভ্য লোকের কাজ। তার সব কথা ভেঙ্গেচুরে কয়না। এরা কয়। তাছাড়া ঝগড়ায় ঝগড়ায় দেশটাই যেতে বসেছে এদের আর দোষ কি?

ডালিয়া নিলুফার  
প্রাবন্ধিক